

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ হেদায়াত, কবর, অনুবাদ, আয়াতসমূহের মর্যাদা, রাসূলুল্লাহ (ﷺ) এর আত্মীয়গণ, মিরাজ, কিয়ামতের আলামত ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. রাসূলুল্লাহ (ৠৄর্ল্ল) _ এর ওফাত

আমরা দেখেছি, কোনো কোনো পান্ডুলিপির ভাষ্য অনুসারে ইমাম আবূ হানীফা বলেছেন: " রাসূলুল্লাহ (ﷺ) ঈমানের উপর মৃত্যুবরণ করেন।"

এ বিষয়টি সন্দেহাতীত মহাসত্য এবং এ বিষয়ে কোনো সন্দেহ বা মতভেদ নেই। কাজেই বিষয়টি আকীদা বিষয়ক গ্রন্থে উল্লেখের আবশ্যকতা কী? এ বিষয়ে মোল্লা আলী কারী বলেন: "এ বাক্যটি ব্যাখ্যাকারের মূল পান্ডুলিপিতে নেই। এ বিষয়টি এত সুস্পষ্ট যে এর কোনো ব্যাখ্যা নিষ্প্রয়োজন। রাসূলুল্লাহ (ﷺ) এবং সুমহান মর্যাদার প্রেক্ষাপটে এ কথা উল্লেখের কোনো প্রয়োজনও নেই। যদি ধরে নেওয়া হয় যে কথাটি মূলতই ইমাম আযম লিখেছেন, তবে এ কথার অর্থ, রাসূলুল্লাহ (ﷺ) এবং অন্যান্য নবী-রাসূল নুবুওয়াতের মর্যাদার কারণে 'মাসূম' এবং প্রথম থেকে শেষ পর্যন্ত কুফর থেকে সংরক্ষিত। কাজেই তাঁদের বিষয়ে আমাদের আকীদা পোষণ করতে হবে যে, তাঁরা ঈমানের উপর মৃত্যুবরণ করেছেন। অন্যান্য আউলিয়া, উলামা বা আল্লাহর প্রিয়পাত্রদের কারো বিষয়ে এরূপ নিশ্চয়তা দেওয়া যাবে না যে, তারা ঈমানসহ মৃত্যুবরণ করেছেন। তাদের থেকে যদি অলৌকিক কারামতাদি প্রকাশিত হয়, তাদের পরিপূর্ণ কামালাত ও বেলায়াত প্রমাণিত হয় বা সকল প্রকারের নেক আমলে তাদের লিপ্ত থাকা নিশ্চিত জানা যায়, তবুও তাদের কারো বিষয়ে এরূপ নিশ্চিত হওয়া যায় না।...।"[1]

ফুটনোট

[1] মোল্লা আলী কারী, শারহুল ফিকহিল আকবার, পূ. ১৮২-১৮৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7268

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন